"শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ"

# আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ
# ASHUGANJ POWER STATION COMPANY LTD.

*(An Enterprise of Bangladesh Power Development Board)*

ISO 9001:2015, ISO: 14001:2015 & ISO 45001: 2018 Certified Management System.

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং: ২৭.২৫.১২৩৩.২১১.১১.০০৩.১৮(এড-১).১৫০০

তারিখঃ ১৪ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

আশুগঞ্জ তাপ বিদ্যুৎ কেন্দ্র উচ্চ বিদ্যালয়ে "এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম পরিচালন প্রকল্প" এর ২০২৩ শিক্ষাবর্ষের জন্য নিম্নোক্ত পদসমূহে ০১ (এক) বছরের চুক্তিভিত্তিক নিয়োগের জন্য যোগ্য, অভিজ্ঞ ও প্রতিশ্রুতিশীল বাংলাদেশী নাগরিকগণ হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রমিক নং | পদের নাম ও সর্বসাকুল্যে বেতন | পদ সংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | **সহকারী শিক্ষক (বাংলা)**<br>সর্বসাকুল্যে মাসিক বেতন: ৫০,১৩৩.০০ টাকা। | ০১ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক ডিগ্রী/সমমান। |
| ২ | **সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান)**<br>সর্বসাকুল্যে মাসিক বেতন: ৫০,১৩৩.০০ টাকা। | ০১ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমাজবিজ্ঞান বিষয়ে স্নাতক ডিগ্রী/সমমান। |
| ৩ | **সহকারী শিক্ষক (পদার্থ বিজ্ঞান)**<br>সর্বসাকুল্যে মাসিক বেতন: ৫০,১৩৩.০০ টাকা। | ০১ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিজ্ঞান বিষয়সহ স্নাতক ডিগ্রী/সমমান। |
| ৪ | **ল্যাব/শপ এসিসটেন্ট (ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন)**<br>সর্বসাকুল্যে মাসিক বেতন: ৩৬,৬৬৭.০০ টাকা। | ০১ | স্বীকৃত বোর্ড/ইনস্টিটিউট হতে ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন ট্রেডে এইচএসসি (ভোকেশনাল)। |

* সকল পদে বাংলা ও ইংরেজী ভাষায় দক্ষতা অত্যাবশ্যক, কম্পিউটার চালনায় পারদর্শী ও অংশগ্রহণমূলক নেতৃত্বের গুণ থাকতে হবে।

**শর্তাবলীঃ**

১. **বয়সসীমা:** সর্বনিম্ন বয়স ১৮ বছর (২৩ অক্টোবর ২০২২ তারিখে) এবং সর্বোচ্চ বয়স ৩৫ বছর (২৫ মার্চ ২০২০ তারিখে)।

২. **অভিজ্ঞতা:** মাধ্যমিক পর্যায়ের কোনো স্কুল/ভোকেশনাল স্কুল/টেকনিক্যাল স্কুল এ সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।

৩. **শিক্ষাগত যোগ্যতা:** কোন পরীক্ষায় ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়। সিজিপিএ ৪.০০ এর স্কেলে ন্যূনতম ২.৫০ অথবা সিজিপিএ ৫.০০ এর স্কেলে ন্যূনতম ৩.০০।

৪. এই নিয়োগে ০১ (এক) বছরের চুক্তিভিত্তিতে শুধুমাত্র সাকুল্য মাসিক বেতন প্রদান করা হবে। কোন প্রকার বোনাস বা অন্য কোন সুবিধা প্রদান করা হবে না।

৫. প্রকল্পে এই নিয়োগের সাথে বিদ্যালয়ে আত্মীকরণের কোন সম্পর্ক নাই। প্রকল্পটির মেয়াদ বৃদ্ধি বা সমাপ্তকরণ সম্পর্কে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

৬. বিজ্ঞপ্তিতে উল্লেখিত ক্রমিক নং ১ হতে ৩ পদের প্রার্থীগণ পরীক্ষার ফি বাবদ ৩০০/- ও ক্রমিক নং ৪ পদের প্রার্থীগণ পরীক্ষার ফি বাবদ ২০০/- টাকা টেলিটক প্রিপেইড মোবাইল মারফত SMS এর মাধ্যমে জমা প্রদান করবেন।

৭. অনলাইনে আবেদন করার লিংক এপিএসসিএল এর ওয়েবসাইটে http://www.apscl.gov.bd এবং টেলিটক এর ওয়েবসাইটে http://apscl.teletalk.com.bd পাওয়া যাবে। আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শুরুর তারিখ ও সময়: ০৩ অক্টোবর, ২০২২ খ্রি:, সকাল ১০.০০টা এবং জমাদানের শেষ তারিখ ও সময়: ২৩ অক্টোবর, ২০২২ খ্রি:, বিকাল ৫.০০টা।

৮. কোন সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত/বিদ্যুৎ সেক্টর প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৯. নির্বাচনী পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। লিখিত ও মৌখিক পরীক্ষার সময়সূচী এপিএসসিএল এর ওয়েবসাইট: www.apscl.gov.bd- এ প্রকাশ করা হবে।

১০. নিয়োগ সংক্রান্ত সরকারি নিয়মাবলী এবং কোটার ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসৃত হবে। যে কোন প্রকার তদবীর/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হবে।

১১. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র এবং নিয়োগ প্রক্রিয়া বাতিল করা এবং পদসংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোহাম্মদ এনামুল হক)
ব্যবস্থাপক (এইচআরএম)
যোগাযোগ: Email: hrm@apscl.org.bd

**CORPORATE OFFICE**
Navana Rahim Ardent (Level-8)
185, Shahid Syed Nazrul Islam Sarani, Bijoy Nagar, Dhaka
*Phone* : +880-2-9330915
*Fax* : +880-2-9330918
*E-mail* : apscl@apscl.com

**ASHUGANJ POWER STATION COMPANY LTD.**
Ashuganj, Brahmanbaria-3402
*Phone* : +880-8528 74004
*Fax* : +880-8528-74014, 74044
*Web* : www.apscl.gov.bd

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://apscl.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online- এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৩ অক্টোবর, ২০২২ খ্রি:, সকাল ১০.০০টা।

ii. Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৩ অক্টোবর, ২০২২ খ্রি:, বিকাল ৫.০০টা ।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS** প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৩০০/- (ক্রমিক নং ১ হতে ৩) অথবা ২০০/- (ক্রমিক নং ৪) অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত** Online **আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS: APSCL<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

***Example: APSCL ABCDEF***

*Reply: Applicant's Name, Tk.300. will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type APSCL<Space>Yes<Space>PIN and send to 16222.*

দ্বিতীয় SMS: APSCL<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

***Example: APSCL YES 12345678***

*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for APSCL Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).*

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://apscl.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে** (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। **Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. **SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং নির্বাচিত হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;**

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে APSCL<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: APSCL Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: APSCL<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222. Example: APSCL Help PIN 12345678 & send to 16222.

ঝ. নিয়োগ বিজ্ঞপ্তির অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd বা hrm@apscl.org.bd ইমেইলে যোগাযোগ করা যাবে। (email এর subject এ Organization এর name: APSCL, Post এর Name:……., Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

**প্রার্থীর যোগ্যতা যাচাইঃ**

ক. অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

খ. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদের মূল কপি প্রদর্শন করতে হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উর্ত্তীণ যে কোন প্রার্থীর প্রার্থীতা/নিয়োগাদেশ (নিয়োগপ্রাপ্ত হলে) বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

গ. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্বলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

**বিবিধঃ** পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য ও নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) এপিএসসিএল'র নিজস্ব ওয়েবসাইট www.apscl.gov.bd এ পাওয়া যাবে।

**অনলাইনে আবেদন এবং টাকা জমা দেয়ার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। শেষ তারিখ (২৩/১০/২০২২) ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

CORPORATE OFFICE
Navana Rahim Ardent (Level-8)
185, Shahid Syed Nazrul Islam Sarani, Bijoy Nagar, Dhaka
*Phone* : +880-2-9330915
*Fax* : +880-2-9330918
*E-mail* : apscl@apscl.com

ASHUGANJ POWER STATION COMPANY LTD.
Ashuganj, Brahmanbaria-3402
*Phone* : +880-8528 74004
*Fax* : +880-8528-74014, 74044
*Web* : www.apscl.gov.bd